

নতুন ফাইভজি স্মার্টফোন আনছে নকিয়া

- A Monitor Desk Report

Date: 05 September, 2023



ঢাকা : সাশ্রয়ীমূল্যের ফিচার ফোন বাজারজাতের দিক থেকে বর্তমানে নকিয়া সবচেয়ে বেশি পরিচিত। তবে ক্রমবর্ধমান প্রতিযোগিতাপূর্ণ বাজারে টিকে থাকার অংশ হিসেবে কোম্পানিটি মিড ও হাই রেঞ্জের স্মার্টফোন তৈরিতে ঝুঁকছে। এর অংশ হিসেবে শিগগিরই নতুন একটি ফাইভজি স্মার্টফোন বাজারজাত করতে পারে কোম্পানিটি।

চলতি সপ্তাহেই ভারতের বাজারে ফাইভজি ডিভাইসটি আনতে পারে কোম্পানিটি। আনুষ্ঠানিকভাবে ডিভাইসটির বৈশিষ্ট্য সম্পর্কিত কোনো তথ্য প্রকাশ করা হয়নি। তবে একটি টিজার ভিডিওতে গতি উপভোগ করার জন্য সবাই প্রস্তুত কিনা এমন প্রশ্ন করা হয়েছে। হাইলাইটসে ডিভাইসের গোলাকার কোনা দেখানো হয়েছে। নকিয়ার নতুন ফাইভজি স্মার্টফোন সম্পর্কে কোনো তথ্যই এখনো প্রকাশ পায়নি।

প্রযুক্তিবিদ ও বাজার বিশ্লেষকদের মতে, এটি এক্স সিরিজের নতুন স্মার্টফোন হতে পারে। কেননা গত বছরের একই সময় নকিয়া এক্স৩০ বাজারে এসেছিল। সাশ্রয়ীমূল্যের স্মার্টফোনের পাশাপাশি নতুন ফিচার সেলফোন বাজারজাতে কাজ করছে ফিনল্যান্ডের এ প্রযুক্তি প্রতিষ্ঠান। সম্প্রতি কোম্পানিটি বিভিন্ন রঙের সি১২ ও ২৬৬০ ফ্লিপ ডিভাইস উন্মোচন করেছে।

আরও পড়ুন: [বেনকো বাংলাদেশ লঞ্চ করলো ২টি স্মার্টফোন](#)

সবশেষ এক্স৩০ নামের ফাইভজি স্মার্টফোন নিয়ে এসেছিল এইচএমডি মালিকানাধীন কোম্পানিটি। এতে ৬ দশমিক ৪৩ ইঞ্চির ৯০ হার্টজ রিফ্রেশ রেটসহ অ্যামোলেড ডিসপ্লে দেয়া হয়েছিল। যার রেজল্যুশন ১০৮০*২৪০০ পিক্সেল ও সর্বোচ্চ উজ্জ্বলতা ৭০০ নিটস পিক। ডিভাইসটিতে প্রসেসর হিসেবে স্ন্যাপড্রাগন ৬৯৫ ও অ্যাড্রেনো ৬১৯ গ্রাফিকস প্রসেসিং ইউনিট (জিপিইউ) ব্যবহার করা হয়েছে। ৬/১২৮, ৮/১২৮ ও ৮/২৫৬ জিবি ভ্যারিয়েন্টে ডিভাইসটি পাওয়া যাচ্ছে।

